দৈনিক বাংলা

তারিখ ... 16.2.85
পৃষ্ঠা ... 1 ... কলাম ... 7

024

# রাজধানীতে ৫১টি বহুতল প্রাথমিক বিদ্যালয় ভবন হচ্ছে

(স্টাফ রিপোর্টার)

রাজধানীতে ৫১টি বহুতল প্রাথমিক বিদ্যালয় ভবন নির্মাণ করা হচ্ছে। শিক্ষা মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট বিভাগ সার্বজনীন প্রাথমিক শিক্ষা প্রকল্পের অধীনে এই সকল ভবনগুলি নির্মাণ করছে। এতে প্রায় ১২ কোটি টাকা ব্যয় হবে।

নির্ভরযোগ্য সূত্রে জানা গেছে, চলতি মাসেই রাজধানীতে ১১টি বহুতল বিশিষ্ট প্রাথমিক বিদ্যালয়ের নির্মাণ কাজ শুরু হবে। ব্যয় হবে প্রায় তিন কোটি টাকা। বিদ্যালয়গুলি ঝিকাতলা, মতিঝিল সেগুন বাগিচা, খিলগাঁও, আমতলী, তেজগাঁও সূত্রাপুর ও বনানী এলাকায় নির্মাণ করা হচ্ছে।

বাকি ৪০টি প্রাথমিক বিদ্যালয় ভবন নির্মাণ চলতি বছরের শেষার্ধে শুরু হবার কথা। এই ৪০টির খরচ বিশ্বব্যাংক বহন করবে বলে জানা গেছে।

শেষ পৃঃ ৮-এর কঃ দ্রঃ

## ভবন হচ্ছে

( ১ম পৃঃ পর)

১০টি প্রাথমিক বিদ্যালয় ভবন নির্মাণ করার জন্য শিক্ষা মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট বিভাগ থেকে এরই মধ্যে টেন্ডার আহবান করা হয়েছে। এই টেন্ডার নিয়ে নানা ঘাপলার অভিযোগ উঠেছে।

এর আগে একটি প্রাথমিক বিদ্যালয়ের নির্মাণ কাজ শুরু হয়েছে। সুবিটোলায় এই বিদ্যালয় নির্মাণ ৩/৪ মাসের মধ্যে শেষ হবে বলে আশা করা যাচ্ছে।

উল্লেখ্য নির্মিতব্য প্রতিটি প্রাথমিক বিদ্যালয় ভবন চারতলা হবে। নীচের তলাটা এমনভাবে নির্মাণ করা হবে যাতে ছাত্রছাত্রীরা খেলাধুলা করতে পারে। অন্য তলাগুলিতে শ্রেণীকক্ষ থাকবে। প্রতিটি কক্ষ স্বাস্থ্য সম্মতভাবে নির্মাণ করা হবে।